

ভয় পেয়ো না, দৈত্য তো নয়, এ হলো এক ভাইরাস




By Misha Chakraborty
Beverly J. Irby
Rafael Lara-Alecio
Nahed Abdelrahman
Fuhui Tong
Pam Schiller

Illustrated by Debbie Weekly



9 780991 568284

ভয় পেয়ো না, দৈত্য তো নয়, এ হলো এক ভাইরাস



By Misha Chakraborty
Beverly J. Irby
Rafael Lara-Alecio
Nahed Abdelrahman
Fuhui Tong
Pam Schiller

Illustrated by Debbie Weekly

© 2020

Published by

Center for Research and Development in Dual Language and Literacy Acquisition,
Department of Educational Psychology, College of Education and Human Development, Texas A&M University

চারদিকেতে হৈ চৈ আজ - দৈত্য দৈত্য!
বেরিয়েছে নাকি এক দৈত্য সে মস্ত!
বাইরে নাকি দৈত্য, তাই বন্ধ থাকবে খেলা?
জানলা খুললেই দেখবো দৈত্য, এ কি ভীষণ জ্বালা।



ভয়ে ভয়ে যাই, জানলা খুলি, দৈত্য কোথায় নেই তো!
করছে না কেউ খেলাধুলো, কেউ কোথাও নেই, তাই তো!
হুটোপাটি, লাফালাফি, বাপাঝাপি বন্ধ,
ছুটি আছে, তবু নেই ছুটি ছুটি গন্ধ!



টিভি খুললেই শুনছি খবর মাস্ক পড়া চাই, সে কি!
দৈত্য সে পায় মাস্ক কে ভয়! কেমন খবর একী!
বাবা বললেন "মাস্ক পড়লেই রক্ষা পাবে সবাই"!
প্রশ্ন আমার "সবাই পড়বে? দাদাই, দিদাই, তাতাই"?





চুপি চুপি দরজায় যাই, বাইরে খুঁজি দৈত্য!
ওপর নিচে আশেপাশে দৈত্য কোথায়, নেই তো?

ফিরে এলাম ঘরে এবার, লুকিয়ে কোথাও নেই তো?
দৈত্যের মুখ কিংবা আঙুল কিছুটি নেই, ঠিক তো!



আমার সাদা চাদর বালিশ সব দেখেছি সরিয়ে,
দৈত্যের কোনো চিহ্নই নেই, আসছে না কেউ বেরিয়ে।



আলমারিতে, দরজার পেছনে, খুঁজেছি ভালো করে।



চেয়ার আর টেবিলের নিচে
দেখেছি ধৈর্য ধরে!



মা বললেন, "হাত ধুয়ে নাও সাবান হাতে মেখে,
'হ্যাপি বার্থডে' দু'বার গাও বেশ হেঁকে হেঁকে"।



আরও বললেন, "হাত দেবে না মুখে যেন, যখন তখন এমনি,
সাফ সুতোর থাকতে হবে জীবাণু যাবে তখনি"।





ঘুমোতে যাওয়ার সময় হলো; আবার দেখি চারপাশ!
যাক, দৈত্য কোথাও নেই, চোখ ভরা ঘুম একরাশ!



নাঃ, দেখি নি স্বপ্নে আমি ছোট বা বড় দৈত্য,,
তবু তো কই ভয় কমে না, মনে শান্তি নেই তো!



মা বললেন, "ওরে সোনা - দৈত্য নয় রে, এ হোল এক ভাইরাস,
চলে গেলেই খেলবে সবাই, সরগরম চারপাশ"।

মাকে আমি জড়িয়ে বলি আমার ভয়ের গল্প,
মা হেসে দেন নেড়ে আমার ছোট্ট চিবুক, অল্প!



আরও বললেন, "ভয় পেও না,
সতর্কতা নেয়া চাই,
চলো না এখন, গ্লাভস আর মাস্ক পড়ে
সবাই প্যারেড করে যাই" ?





দাঁড়াও

হাত ধুয়ে নাও

মাস্ক পরে নাও

৬ ফিট দূরে থাক

"ডাক্তার আর বৈজ্ঞানিকরা কাজ করছেন দিনরাত -
ভ্যাকসিন এলেই আর কথা নেই, ভাইরাস হবে চিৎ পাত"।



তখন ফেলবো স্বস্তির শ্বাস, বলবো তখন "হুররে !
ভাইরাসে আর নেই কোনো ভয়, চিন্তা তো আর নেই রে"!


বই সম্পর্কে মেসেজ:

এই বইটি সেই ছোটদের কথা ভেবে লেখা হয়েছে যারা কোভিড -১৯ এর কথা শুনে ভয় পেয়েছে। আমরা যারা এই বইয়ের সাথে যুক্ত তাঁরা কেউ কেউ নিজের কানে শুনেছি সেই বাচ্চাদের কথা, যারা দুঃস্বপ্নে দেখছে: খারাপ লোক তাদেরকে বাড়ির কাছের লোকেদের থেকে দূরে নিয়ে যাচ্ছে, স্কুল বন্ধ হয়েছে খারাপ কারণের জন্য, বন্ধুরা দূরে চলে গেছে, দৈত্য তাড়া করছে তাদের, ইত্যাদি। এই ভয় তাদের ছোট্ট মনে সুদূর প্রসারী প্রভাব ফেলছে। এই বইটি উৎসর্গ করা হলো ভবিষ্যতের সোনালী স্বপ্নের দিনগুলিকে - ছোট নিষ্পাপ মুখের হাসিকে - আর সঙ্কলকে, যারা নিরলস চেষ্টা চালাচ্ছেন আমাদের ভবিষ্যৎ কে ভালো রাখার। আশা রাখি আমাদের এই প্রচেষ্টা আমাদের ছোটো প্রজন্মকে কিছুটা হলেও স্বস্তি দেবে। চারপাশের অনিশ্চয়তার মধ্যে কিছু আশার আলো জাগবে। বইটি অনেক ভাষায় প্রকাশ করা হচ্ছে যাতে পৃথিবীর নানান প্রান্তের শিশুরা এর দ্বারা উপকৃত হতে পারে। এই বইটি বিনামূল্যে বিতরণ করা হচ্ছে সেন্টার ফর রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট, ডুয়াল ল্যাংগুয়েজ এন্ড লিটারেসি একুইজিশন, ডিপার্টমেন্ট অফ এডুকেশনাল সাইকোলজি, কলেজ অফ এডুকেশন এন্ড হিউমান রিসোর্স ডেভেলপমেন্ট, এর উদ্যোগে।

সুন্দর থাক আকাশ বাতাস, সুন্দর থাক চারপাশ -
ছোট্ট মুখকে সাজিয়ে রাখুক, মিষ্টি হাসি একরাশ ॥

By Misha Chakraborty
Beverly J. Irby
Rafael Lara-Alecio
Nahed Abdelrahman
Fuhui Tong
Pam Schiller

Illustrated by Debbie Weekly



ভাইরাস-এ কেউ ভয় পেও না, মেনে চলো কিছু নিয়ম,
তাহলেই আর ভয় কিছু নেই, চিন্তা কিছু নেই একদম।

খেয়াল রাখো যা করছো, সাবধানেতে করছো,
তাহলেই সব থাকবে ভালো, চিন্তা কেন করছো?

"হাত ধুয়ে নাও দিনে তুমি, একবার না, অনেকবার,
হাত দিয়ে না মুখে তুমি একেবারেই বারবার,
মাস্ক পরে নাও, যখনি তুমি লোকসমুখে যাচ্ছ,
খেয়াল রাখো লোকের থেকে ৬ ফিট দূরে থাকছো"